# 2018-2019 NYC হাই স্কুল ভর্তি

# ফিল্ম অডিশন গাইড

ফিল্ম অডিশন প্রোগ্রাম সম্পর্কে আপনার যেসব বিষয় জানতে হবে

NYC Department of Education

## সূচি


1. এই গাইডটি যেভাবে ব্যবহার করবেন
2. হাই স্কুল অডিশন প্রক্রিয়ার উপরিচিত্র
3. অডিশনের জন্য রেজিস্ট্রেশন এবং সাধারণ অডিশনের অংশসমূহ
4. হাই স্কুল প্রোগ্রাম ও অডিশন সম্পর্কিত তথ্য
5. আপনার ব্যক্তিগত অডিশন সূচি


## সেকশন I — এই গাইডটি যেভাবে ব্যবহার করবেন

এই গাইডটি শিক্ষার্থী ও পরিবারবর্গকে অডিশন প্রক্রিয়ার জন্য প্রস্তুতি গ্রহণে সহায়তা করার জন্য প্রণয়ন করা হয়েছে এই গাইডের মাধ্যমে আপনি:

- **ফিল্ম সম্পর্কে জানবেন** ফিল্ম প্রোগ্রামের প্রয়োজনীয়তা কী? একজন ফিল্ম শিক্ষার্থী হিসেবে আপনি কী প্রত্যাশা করতে পারেন? আরো তথ্যের জন্য নিচের বিবরণ দেখুন

- **অডিশন প্রক্রিয়াটি বুঝবেন** দ্বিতীয় পৃষ্ঠার উপরিচিত্র আপনাকে হাই স্কুল অডিশনে আপনি কী প্রত্যাশা করতে পারেন সে সম্পর্কে ধারণা দেবে

- **সাধারণ অডিশনের অংশগুলি পর্যালোচনা করুন** যেসকল হাই স্কুল সাধারণ অডিশনের অংশগুলিতে অংশ নেয় তারা একই অডিশন গাইডলাইন শেয়ার করে এই গাইডে অংশগ্রহণকারী ফিল্ম প্রোগ্রামসমূহের সাধারণ অডিশনের অংশগুলি অন্তর্ভুক্ত

- **আপনার পছন্দের কিছু ফিল্ম প্রোগ্রামের একটি তালিকা করুন** নিউ ইয়র্ক সিটির হাই স্কুলসমূহের মধ্যে যেগুলো আর্টিস্টিক প্রতিভা পরিচর্যায় বিভিন্ন প্রোগ্রাম পরিচালনা করে সেগুলোর একটি সম্পূর্ণ তালিকা পেতে এই গাইডটি ব্রাউজ করুন আপনার জন্য উপযুক্ত মনে হয় এমন প্রোগ্রামসমূহের তালিকা প্রনয়ণ করার জন্য বিভাগ 5 ব্যবহার করুন এবং আপনার ফল অডিশন সূচী তৈরি করা শুরু করুন

- **আপনার অডিশন সূচী তৈরি করুন** আপনার নিজের অডিশন ক্যালেন্ডারের পরিকল্পনা করার জন্য প্রতিটি প্রোগ্রামের অডিশন তথ্য এবং সূচিসমূহ পর্যালোচনা করুন প্রতিটি প্রোগ্রামের ক্ষেত্রে, অডিশনের জন্য কী প্রস্তুত করতে হবে এবং আপনি অডিশনে কী করবেন তার একটি তালিকা দেওয়া আছে

### ফিল্ম কী?

ফিল্ম বা ফিল্মমেকিং হলো চলচিত্র তৈরির শিল্প বা কৌশল ফিল্ম শিক্ষার্থীগণ হাতেকলমে ফিল্মমেকিং এর উপর অভিজ্ঞতা অর্জন করেন এবং সম্পাদনা, ফিল্ম বিশ্লেষণ ও স্ক্রিনরাইটিংসহ ফিল্মের তত্ব ও ইতিহাস সম্পর্কে শিখেন শিক্ষার্থীগণ ইন্ডাস্ট্রি নির্ভর ক্যারিয়ার ও কৌশলগত দক্ষতা অর্জনের জন্য দলীয়ভাবে ফিল্ম ক্রু হিসেবে কাজ করে ফিল্ম শিক্ষার্থীগণ প্রায়শঃই স্টেট-অফ-দ্য-আর্ট ডিজিটাল প্রযুক্তিতে অ্যাক্সেস পেয়ে থাকে এবং তাদের কাজ প্রদর্শন ও শেয়ার করার সুযোগ পেয়ে থাকে

## সেকশন 2 — হাই স্কুল অডিশন প্রক্রিয়ার উপবিচিত্র

### কিছু হাই স্কুল অডিশন আয়োজন করে

অডিশন হলো এক ধরনের ভর্তি পদ্ধতি নির্ধারিত হাই স্কুল আর্টস প্রোগ্রামসমূহে ভর্তি হতে শিক্ষার্থীদেরকে অবশ্যই কোনো অডিশনে শৈল্পিক দক্ষতা প্রদর্শন করতে হবে এছাড়াও অডিশনসমূহ শিক্ষার্থীদের জন্য স্কুলের কর্মীদের সাথে মিলিত হওয়া ও প্রোগ্রামসমূহ সম্পর্কে বিভিন্ন প্রশ্ন করার একটি বড় সুযোগ

### শিক্ষার্থীরা একটি অডিশনের জন্য প্রস্তুতি নেবে এবং পারফর্ম করবে সেটিই প্রত্যাশিত

অডিশন সম্পর্কিত প্রত্যাশাসমূহ হাই স্কুল কর্মসূচি ভেদে ভিন্ন হয়ে থাকে শিক্ষার্থীরা হাই স্কুল ডিরেক্টরিতে স্কুল কর্তৃক প্রকাশিত অডিশনের মানদণ্ড পর্যালোচনা করবে। যদি কোনো শিক্ষার্থী একই আর্ট ফর্মের উপর অভিনিবেশ করে একাধিক প্রোগ্রামের জন্য অডিশন দেয় তাহলে অডিশনগুলির অনেক অডিশন উপাদান একই হবে (অডিশন তথ্যের জন্য এই গাইডের প্রোগ্রাম বিবরণ দেখুন) শিক্ষার্থীদের জেনে রাখা উচিত যে, তারা অডিশনের জন্য যা কিছু প্রস্তুত করেছে তার সব উপস্থাপন করার প্রয়োজন নাও হতে পারে

### অডিশনসমূহ হাই স্কুলসমূহ কর্তৃক পরিচালিত হয়

সাধারণত অডিশনসমূহ স্কুল প্রশাসক ও শিক্ষকগণ কর্তৃক পরিচালিত হয় কিছু হাই স্কুল অডিশনের শিক্ষার্থী ও তাদের পরিবারবর্গকে অভ্যর্থনা জানানোর কাজে বর্তমান শিক্ষার্থীদের সহায়তা নেয়

### অডিশনের তারিখ, পৌঁছানোর সময় ও স্থান ভিন্ন হতে পারে

অডিশনসমূহ সাধারণত অক্টোবর থেকে জানুয়ারি মাসের মধ্যে বিভিন্ন হাই স্কুলে অনুষ্ঠিত হয় অডিশনের সূচির জন্য এই গাইডের প্রোগ্রাম বিবরণ দেখুন

### অডিশনের দৈর্ঘ্য ভিন্ন হতে পারে

অডিশন প্রক্রিয়া 2 – 3 ঘন্টার বা তার অধিক সময়ের হতে পারে শিক্ষার্থীদেরকে অডিশনে হালকা নাস্তা ও পানি নিয়ে আসার জন্য উৎসাহিত করা হয় পরিবারগুলির একই দিনে একাধিক স্কুলে অডিশনের জন্য রেজিস্ট্রার করা উচিত নয়

### পরিবারগুলি আশেপাশে অপেক্ষা করতে পারে

অনেক সময় পিতামাতা/অভিভাবকদের অপেক্ষার জন্য একটি নির্ধারিত জায়গা থাকে, যেহেতু তাদেরকে অডিশনের এলাকায় ঢোকার অনুমতি দেওয়া হয় না পিতামাতা/অভিভাবকগণ যেকোনো সময় স্কুল ভবনে প্রবেশ এবং সেখান থেকে বের হতে পারবেন শিক্ষার্থী ও তাদের পরিবারবর্গের মধ্যে যোগাযোগ অডিশন প্রক্রিয়া শুরুর আগে সম্পন্ন হতে হবে

### অডিশন প্রোগ্রামে গ্রহণযোগ্যতা

অডিশন প্রোগ্রামসমূহের জন্য বিবেচিত হতে, শিক্ষার্থীদের অবশ্যই তাদের হাই স্কুল ভর্তি রাউন্ড । আবেদনেও প্রোগ্রামটি তালিকাভুক্ত থাকতে হবে যা তাদের স্কুল কাউন্সিলরের নিকট 3 ডিসেম্বর 2018 তারিখের মধ্যে জমা দিতে হবে শিক্ষার্থীগণ রাউন্ড । এর ফলাফল মার্চ মাসে পাবে

### অডিশন প্রক্রিয়া সম্পর্কিত প্রশ্নাবলী

এই গাইডটি আবেদন প্রক্রিয়া সম্পর্কিত আপনার অধিকাংশ প্রশ্নের উত্তর দেবে আপনার যদি কোনো স্কুলের অডিশন সম্পর্কে নির্দিষ্ট কোনো প্রশ্ন থাকে, তাহলে আরও তথ্যের জন্য সরাসরি স্কুলে ফোন বা ইমেইল করা অথবা স্কুলের ওয়েবসাইটে যাওয়া সর্বোত্তম উপায়।

### অডিশনে বিশেষ সুবিধা

ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (IEP), অনুমোদিত 504 পরিকল্পনা রয়েছে এমন শিক্ষার্থী, এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারগণ বিশেষ সুবিধা পেতে পারে অডিশনে বিশেষ সুবিধা লাভের ব্যবস্থার জন্য শিক্ষার্থীদের তাদের স্কুলের কাউন্সেলরের সাথে কথা বলতে হবে।

## সেকশন 3 — অডিশনের জন্য রেজিস্ট্রেশন এবং সাধারণ অডিশনের অংশসমূহ

নিচে অডিশন প্রক্রিয়া সম্পর্কিত কিছু শব্দাবলি দেওয়া হলো যেগুলো পরবারবর্গকে তাদের অডিশনের প্রস্তুতির সময় জানা প্রয়োজন হবে এছাড়াও এই সকল টার্ম এই গাইডের সেকশন পাঁচ এর টেবিলে পাওয়া যাবে

**অডিশনের জন্য রেজিস্ট্রেশন**

শিক্ষার্থীদেরকে অডিশনের জন্য DOE -এর ভর্তি সিস্টেম বা স্কুলের ওয়েবসাইটের মাধ্যমে রেজিস্টার করতে হতে পারে রেজিস্ট্রেশন সম্পর্কিত বিস্তারিত এই গাইডে এবং হাই স্কুল ডিরেক্টরির অডিশন স্কুল পৃষ্ঠায় পাওয়া যাবে রেজিস্ট্রার করার মাধ্যমে, শিক্ষার্থীগণ স্কুল প্রশাসকগণকে জানায় যে তারা অডিশনে যোগদান করছেন এবং কোন্ প্রোগ্রামের জন্য তারা অডিশন দিচ্ছে।

**সাধারণ অডিশনের অংশযুক্ত প্রোগ্রামসমূহ**

একটি নির্বাচিত স্কুল গ্রুপের এমন কর্মসূচি রয়েছে যেগুলিতে সাধারণ অডিশনের অংশসমূহ আছে, যা এই ডকুমেন্টের সেকশন পাঁচ -এ স্কুলের নামের পাশের ★ আইকন দ্বারা বোঝানো হয়। এইসকল প্রোগ্রামের সবগুলোই একই অডিশন উপাদানসমূহ শেয়ার করে যাতে যদি শিক্ষার্থীরা কোনো একটির জন্য প্রস্তুতি নেয় তাহলে তারা অন্য কোনো অংশগ্রহণকারী প্রোগ্রামের জন্যও প্রস্তুত হয়ে যাবে।

**সাধারণ অডিশনের অংশগুলো– ফিল্ম প্রোগ্রাম**
*আপনি এইসব তথ্য 2019 নিউ ইয়র্ক সিটি হাই স্কুল ডিরেক্টরির 24 পৃষ্ঠাতেও পেতে পারেন*

পোর্টফোলিওতে থাকবে দুটি স্টোরিবোর্ড (প্রতিটিতে ন্যূনতম দশটি করে ফ্রেম) যা হবে কল্পনার একটি দৃশ্য চিত্র এবং ফিল্ম তৈরিতে আপনার আগ্রহ সম্পর্কে 250 শব্দের রচনা অডিশনে, শিক্ষার্থীদেরকে একটি ছোট অ্যাকশনের বর্ণনা দেওয়া হবে এবং তাদেরকে স্পোর্টের উপর একটি স্টোরিবোর্ড আঁকতে বলা হবে

ঐচ্ছিক: আপনি অংশগ্রহণ করেছেন এমন যেকোনো একটি বা একাধিক নমুনা ফিল্ম জমা দিন ফিল্ম একটি USB থাম্ব ড্রাইভে এবং .mov অথবা .mp4 ফরম্যাটে জমা দিতে হবে। একটি সংযুক্ত লিখিত বিবৃতিতে ফিল্ম তৈরিতে আপনার ভূমিকার বর্ণনা দিন।

প্রোগ্রামসমূহের বিভিন্ন কাজ থাকতে পারে যেগুলো তারা অন–সাইটে প্রদান করে, এর অন্তর্ভুক্ত ইন্টারভিউ, চাওয়া–মাত্র লেখার নমুনা যেগুলো আপনার প্রস্তুতির উপর অভিঘাত ফেলতে পারে অনুগ্রহপূর্বক এই ডক্যুমেন্টে প্রদতত প্রতিটি স্কুলের অডিশন তথ্য পড়ুন তাছাড়াও, স্কুলের ওয়েবপেজ দেখার বিষয়টিও নিশ্চিত করুন বা সর্বশেষ হালনাগাদ বিস্তারিত জানতে সরাসরি স্কুলের সাথে যোগাযোগ করুন।

## সেকশন 4 — হাই স্কুল প্রোগ্রাম ও অডিশন সম্পর্কিত তথ্য

নিচে নিউ ইয়র্ক সিটি হাই স্কুলগুলির তালিকা দেওয়া হলো যেখানে অডিশনের আবশ্যিকতা রয়েছে, এর মধ্যে আছে অডিশনের সূচি ও শর্তাবলি। স্কুলের নামের সাথে প্রতিটি স্কুলের ওয়েবসাইটের লিংক রয়েছে; প্রোগ্রামের নামগুলি NYC School Finder স্কুলের পেজে লিংক করে (http://schoolfinder.nyc.gov).

| Art and Design High School ★ \| 231-249 East 56th Street 10019 | MANHATTAN |
|---|---|
| **প্রোগ্রাম:** ফিল্ম/ভিডিও প্রোডাকশান \| ডিরেক্টরি pg. 333 | কোড: M60Q |

**অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:**

- এই প্রোগ্রামে সাধারণ অডিশনের অংশগুলি রয়েছে (বিস্তারিত জানার জন্য সেকশন 3 দেখুন) এবং নিচের উল্লিখিত জিনিসগুলি চায়:
- দুটি স্টোরিবোর্ড (প্রতিটি ন্যূনতম দশ ফ্রেমের) যেখানে কাল্পনিক দৃশ্যের চিত্র থাকবে এবং ফিল্ম তৈরিতে আপনার আগ্রহ সম্পর্কে 250 শব্দের রচনাসহ পোর্টফোলিও

**আপনি অডিশনে যা করবেন:**

- শিক্ষার্থীদেরকে একটি ভিজ্যুয়াল উপস্থাপনা দেখানো হবে এবং ফিল্মে যাতে ব্যবহার করা যায় এমনভাবে একটি গল্প তৈরি করতে হবে এইসকল প্রশ্নের উত্তর দেওয়ার প্রস্তুতি নিন:
  - গল্পটি কী সম্পর্কে?
  - মূল চরিত্র কারা?
  - দ্বন্দ্বগুলি কী?
  - এটি কোন ধরণের ফিল্ম?
  - এটি কীভাবে শেষ হয়?

**2018-2019 অডিশনের তারিখ:** (*শুধুমাত্র স্কুলের ওয়েবসাইটের মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে* artanddesignhs.com/auditions)

- শেষ নাম A-L, শনিবার, 1 ডিসেম্বর, 2018, 9am
- মেক-আপ, শেষ নাম A-L, রবিবার, 2 ডিসেম্বর, 2018, 9am
- শেষ নাম M-Z, শনিবার, 15 ডিসেম্বর, 2018, 9am
- মেক-আপ, শেষ নাম M-Z, রবিবার, 16 ডিসেম্বর 2018, 9am

| Frank Sinatra School of the Arts High School \| 35-12 35th Avenue, Astoria 11106 | QUEENS |
|---|---|
| **প্রোগ্রাম:** Film and Media Arts \| Directory pg. 504 | কোড: Q40F |

**আপনি অডিশনে যা করবেন:**

অডিশনটি 3টি অংশে গঠিত শিক্ষার্থীদেরকে অডিশনে তাদের পছন্দমত ক্যামেরা বা স্মার্টফোন নিয়ে আসার জন্য বলা হয় অনুগ্রহপূর্বক এটির ভিডিও রেকর্ড করার সক্ষমতা রয়েছে সে ব্যাপারে নিশ্চিত হোন (আপনার যদি স্মার্ট ফোন বা ক্যামেরা না থাকে তাহলে আপনাকে একটি প্রদান করা হবে )

- পার্ট 1 হলো একটি হাতে কলমে ফিল্ম অনুশীলন যখন শিক্ষার্থীদেরকে তাদের গল্প বলার ক্ষেত্রে ভিজ্যুয়াল লিটেরেসি ও ভিজ্যুয়াল এপ্রোচের পরীক্ষা নেওয়া হবে
- পার্ট 2 একটি ফটোগ্রাফিক ছবির ভিত্তিতে একটি লিখন অনুশীলন নিয়ে গঠিত শিক্ষার্থীদের মৌলিক লিখন দক্ষতা ও সৃজনশীল গল্প বলার পরীক্ষা নেওয়া হবে
- পার্ট 3 হবে আবেদনকারীর ফিল্ম জ্ঞান ও ফিল্মমেকিংয়ে আগ্রহ সম্পর্কিত একটি সংক্ষিপ্ত পরীক্ষা

**2018-2019 অডিশনের তারিখ:** (*অডিশনের ক্ষেত্রে রেজিস্ট্রেশন প্রয়োজন নেই*)

- Queens; শেষ নাম A-M, শনিবার, 3 নভেম্বর, 2018, 7:30am
- Queens; শেষ নাম N-Z, রবিবার, 4 নভেম্বর, 2018, 7:30am
- Citywide; শেষ নাম A-M, শনিবার, 17 নভেম্বর, 2018, 7:30am
- Citywide; শেষ নাম N-Z, রবিবার, 18 নভেম্বর, 2018, 7:30am
- মেক-আপ; শনিবার, 1 ডিসেম্বর, 2018 7:30am
- মেক-আপ; রবিবার, 2 ডিসেম্বর, 2018 7:30am

## সেকশন 5 — আপনার ব্যক্তিগত অডিশন সূচি

অডিশনের তারিখ/সময়, রেজিস্ট্রেশন আবশ্যিক কিনা সেসব জেনে আপনার আগ্রহের হাই স্কুল প্রোগ্রামগুলির একটি তালিকা করে, আপনার ব্যক্তিগত অডিশন সূচি তৈরি করুন।

| | আমার অডিশন প্রোগ্রাম/স্কুল: | অডিশনের তারিখ ও সময়: | রেজিস্ট্রেশন প্রয়োজন? |
|---|---|---|---|
| 1. | | | ☐ |
| 2. | | | ☐ |
| 3. | | | ☐ |
| 4. | | | ☐ |
| 5. | | | ☐ |
| 6. | | | ☐ |
| 7. | | | ☐ |
| 8. | | | ☐ |
| 9. | | | ☐ |
| 10. | | | ☐ |
| 11. | | | ☐ |
| 12. | | | ☐ |
| 13. | | | ☐ |
| 14. | | | ☐ |
| 15. | | | ☐ |
| 16. | | | ☐ |
| 17. | | | ☐ |
| 18. | | | ☐ |
| 19. | | | ☐ |
| 20. | | | ☐ |